

বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ কর্তৃক আয়োজিত ডায়াগনস্টিক এক্সরে এর উপর
৩১ তম প্রশিক্ষণ কোর্স, ১৯-২০ জুলাই ২০১৬ ইং



আয়নাযনকারী বিকিরণ সোর্স/যন্ত্রপাতি ব্যবহারকারীদেরকে সুষ্ঠুভাবে কর্মকান্ড পরিচালনার জন্য পানিবিদ্য বিধিমালা ১৯৯৭ অনুযায়ী প্রশিক্ষণের প্রয়োজন। দক্ষ বিশেষজ্ঞগণ বিকিরণ নিয়ন্ত্রণ কর্মসূচীর সাফল্যের মূল চালিকা শক্তি। বিকিরণ নিয়ন্ত্রণ কর্মকর্তা তেজস্ক্রিয় পদার্থ/সোর্স যন্ত্রপাতি ইত্যাদি ব্যবহারের সাথে জড়িত ঝুঁকি, আইনগত চাহিদা, এবং নিজের দায়িত্ব ইত্যাদি সম্পর্কে ওয়াকবেহাল থাকবেন।

বিগত ১৯-২০ জুলাই ২০১৬ ইং তারিখে বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, অথরিটি ভবনে আরসিও-দের জন্য ডায়াগনস্টিক এক্সরে সংক্রান্ত একটি প্রশিক্ষণ কোর্স আয়োজন করা হয়। আরসিও প্রশিক্ষণ কোর্সটিতে বাংলাদেশের বিভিন্ন জেলা ও উপজেলার (ঢাকা, কুমিল্লা, সিলেট, যশোর, জামালপুর, মৌলভীবাজার, রংপুর, খুলনা, নোয়াখালী, চট্টগ্রাম, ঝিনাইদাহ, লক্ষীপুর, হবিগঞ্জ, নরসিংদী, মাদারীপুর, নারায়ণগঞ্জ, ব্রাহ্মনবাড়ীয়া, রাজশাহী) বিভিন্ন প্রতিষ্ঠান থেকে ৪০ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন।

উল্লেখ্য যে, বাপশনিক প্রতিষ্ঠার পর ২০১৩ সালে অনুষ্ঠিত ১১টি প্রশিক্ষণ কোর্সে মোট ৫০৬ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন এবং ২০১৪ সালে অনুষ্ঠিত ১৪টি প্রশিক্ষণ কোর্সে ৬৩৫ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন। ২০১৫ সালে অনুষ্ঠিত মোট ১৩টি প্রশিক্ষণ কোর্সে ৪১৯ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন। ২০১৬ সালের জুলাই মাস পর্যন্ত অনুষ্ঠিত ০৯ টি প্রশিক্ষণ কোর্সে ৩৪৫ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন। বাপশনিক প্রতিষ্ঠার পর এ পর্যন্ত মোট ৪৭ টি উল্লেখিত প্রশিক্ষণ কোর্সের মাধ্যমে সর্বমোট ১৯০৫ (এক হাজার নয়শত পাঁচ) জন প্রশিক্ষণার্থী প্রশিক্ষণ গ্রহণ করেন।

১২ই ফেব্রুয়ারী ২০১৩ হতে ৩১ডিসেম্বর ২০১৪ সময়কালে আরসিও পরীক্ষায় অংশগ্রহণ করেন মোট ৩৩৯ জন ও উত্তীর্ণ হয়ে মূল নতুন আরসিও সনদপত্র প্রাপ্ত হন মোট ২৯২ জন এবং ২০১৫ সালের ডিসেম্বর মাস পর্যন্ত অনুষ্ঠিত আরসিও পরীক্ষায় অংশ গ্রহণ করেন মোট ১৮১ জন ও উত্তীর্ণ হয়ে মূল নতুন আরসিও সনদপত্র প্রাপ্ত হন মোট ১৫৪ জন। ২০১৬ সালের জানুয়ারি-জুন মাস পর্যন্ত আরসিও পরীক্ষায় অংশ গ্রহণ করেন মোট ১৩৫ জন ও উত্তীর্ণ হয়ে মূল নতুন আরসিও সনদপত্র প্রাপ্ত হন মোট ১২৪ জন। উল্লেখ্য যে www.baera.gov.bd Website এ আভ্যন্তরীণ ই-সেবার মধ্যে Online-এ প্রশিক্ষণের আবেদন পূরন করে পাঠানোর ব্যবস্থা করা হয়েছে। প্রশিক্ষণার্থীদের মতামতের আলোকে কোর্সের সামগ্রিক মান উন্নয়নের জন্য বিভিন্ন কার্যক্রম গ্রহণ করা হচ্ছে।